FEB. 1 2001

দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১.৬ কলাম ...৮...

# পাঠ্য পুস্তক ঃ কালিয়াকৈরে অধিক মূল্য আদায় ॥ রংপুরে দোকানে ধর্মঘট আহ্বান

**ইত্তেফাক রিপোর্ট** ॥ পাঠ্যপুস্তক নিয়া সংকটের অবসান হয় নাই। সরকার বলিতেছে দেশে বইয়ের কোন সংকট নাই। কিন্তু ঢাকাসহ দেশের বিভিন্ন এলাকায় পাঠ্যপুস্তক নিয়া অভিযোগের অন্ত নাই। বিশেষ করিয়া মাধ্যমিক শাখার বই নিয়া শুরু হইয়াছে মারাত্মক জটিলতা। পুস্তকা প্রথম দফায় ৬০টি বইয়ের মধ্যে মাত্র ১৪টি বই বাজারে ছাড়িয়াছে। পুস্তকার পক্ষ হইতে বলা হইতেছে, ১৪টি বই দেশের প্রায় সর্বত্র পৌঁছানো হইয়াছে। কিন্তু বিভিন্ন স্থান হইতে বই না পাওয়ার অভিযোগ পাওয়া যাইতেছে। প্রয়োজনের

(১৫শ পৃষ্ঠায় ৬-এর কঃ দ্রঃ)

## পাঠ্যপুস্তক

(শেষ পৃষ্ঠার পর)

তুলনায় স্বল্প সংখ্যক বই পাঠানোর প্রতিবাদে রংপুরে পুস্তক ব্যবসায়ীরা ধর্মঘট আহ্বান করিয়াছে। বই কেলেংকারির প্রতিবাদে ঢাকায় প্রায় প্রতিদিনই কোন না কোন ছাত্র সংগঠন প্রতিবাদ সমাবেশ করিতেছে।

বিশ্ববিদ্যালয় রিপোর্টার জানান, গতকাল বুধবার অপরাজেয় বাংলার পাদদেশে সমাবেশে ছাত্রদল নেতৃবৃন্দ বলিয়াছেন, শিক্ষাবর্ষের এক মাস অতিবাহিত হইয়া গেলেও ছাত্র-ছাত্রীদের হাতে বই পৌঁছায় নাই। ইহার জন্য প্রধানমন্ত্রী দায়ী। ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মুনির হোসেনের সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন ছাত্রদল কেন্দ্রীয় সভাপতি নাসির উদ্দীন আহমেদ পিন্টু, সাধারণ সম্পাদক শাহাবুদ্দীন লাল্টু, সহ-সভাপতি মঞ্জুর এলাহী, মোশারফ হোসেন প্রমুখ।

**কালিয়াকৈর সংবাদদাতা** ॥ মাধ্যমিক পর্যায়ে ষষ্ঠ থেকে দশম শ্রেণী পর্যন্ত বোর্ড প্রকাশিত বইগুলি সরকারীভাবে নির্ধারিত মূল্যের চেয়ে অতিরিক্ত শতকরা ৩০ ভাগ টাকা বেশী দিয়া ক্রয় করিতে হইতেছে। ঐ ক্ষতি পোষাইতে কালিয়াকৈর উপজেলার লাইব্রেরীগুলির পুস্তক ব্যবসায়ীরা প্রতিটি বোর্ডের বইয়ের সাথে নোটবই ক্রয় বাধ্যতামূলক করিয়াছে। এই সংক্রান্ত এক প্রশ্নের জবাবে কালিয়াকৈর বাজারের পুস্তক ব্যবসায়ীরা গতকাল এই তথ্য জানাইয়া বলেন, বোর্ডের বইগুলি অধিক মূল্যে ক্রয় করিতে হয় বলিয়া আমাদের এই ব্যবস্থা গ্রহণ করিতে হইতেছে।

**রংপুর সংবাদদাতা** ॥ পুস্তকা কর্তৃক ন্যায্যমূল্যে এবং সুষ্ঠুভাবে বই বিতরণ না করার প্রতিবাদে আগামী সোমবার রংপুর পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির উদ্যোগে জেলায় সকল বইয়ের দোকানে ২৪ ঘন্টা ধর্মঘট আহ্বান করা হইয়াছে। গতকাল বুধবার সমিতির সভাপতি শামসুল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত কার্যকরী পরিষদের এক জরুরী সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়। রংপুরে ৩/৪টি দোকানে পাঠ্যপুস্তক বিক্রয় হইতেছে। ছাত্র-ছাত্রীরা বইয়ের অভাবে বিক্ষোভ মিছিলসহ ভিসি অফিস ঘেরাও পর্যন্ত করিয়াছে।

**কুমিল্লা সংবাদদাতা** ॥ অবিলম্বে পাঠ্যপুস্তক কেলেংকারির বিচার, ভুলে ভরা পাঠ্যপুস্তক সংশোধন, ন্যায্যমূল্যে পাঠ্যপুস্তক সরবরাহের দাবীতে গতকাল বুধবার সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের নেতৃত্বে শহরের বিভিন্ন স্কুলের ছাত্র-ছাত্রীরা বিক্ষোভ মিছিল করে। মিছিল শেষে শহরের কান্দিরপাড়, পূবালী চত্বরে এক সমাবেশে বক্তব্য রাখেন ছাত্রফ্রন্ট নেতা মবিনুল ইসলাম তানভীর, নাসিরুল ইসলাম, স্কুলছাত্র ফারুক, আলমগীর, ফরহাদ প্রমুখ।